২৪২


দৈনিক ইত্তেফাক

তারিখ .. SEP. 1 4 1999

পৃষ্ঠা ১৬ কলাম ১


## ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রদলের দুই নেতা প্রহৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) হরতাল চলাকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীদের হাতে ছাত্রদলের দুই নেতা প্রহৃত ও লাঞ্ছিত হইয়াছেন। সকাল সাড়ে ১০টায় ছাত্রদলের সহ-সভাপতি তরিকুল ইসলাম বনি ক্যাম্পাসে দলীয় কর্মীদের খুঁজিতে গেলে ছাত্রলীগের কয়েকজন ক্যাডার টিএসসি এলাকায় তাহাকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। সকালে ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন ও কেন্দ্রীয় নেতা ফিরোজ মধুর ক্যান্টিনে গেলে ছাত্রলীগের কর্মীরা তাহার উপর চড়াও হয়। এসময় দুই রাউন্ড গুলীর আওয়াজও শোনা যায় বলিয়া প্রত্যক্ষদর্শীরা জানান।

## ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে


(শেষ পৃষ্ঠার পর)


### ক্যাম্পাসে উত্তেজনা

সন্ত্রাসের দায়ে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কৃত ও ছাত্রলীগ হইতে অব্যাহতিপ্রাপ্ত জহুরুল হক শাখা ছাত্রলীগের সাবেক সভাপতি মঈনুদ্দীন বাবু গতকাল ক্যাম্পাসে ছাত্রলীগের হরতাল বিরোধী সমাবেশে অংশ নিলে সংগঠনের কর্মীদের মধ্যে চরম মারমুখী উত্তেজনার সৃষ্টি হয়। বর্তমানে বাবু অছাত্র হওয়া সত্ত্বেও জহুরুল হক হলে অবস্থান করিতেছে।